



24 মার্চ, 2020

### ব্যক্তিগত কমিউনিটি ভ্রমণ ও হোম ভিজিট স্বগিতকরণ

পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসএবিলিটিস অফিস (Office for People With Developmental Disabilities) এতদ্বারা OPWDD চালিত বা সার্টিফায়েড আবাসিক স্থানগুলির সকল পরিষেবা প্রদানকারীদের নির্দেশ দিচ্ছে যে এই কর্মসূচির অন্তর্গত সকল আবাসিকের ক্ষেত্রে সব কমিউনিটি ভ্রমণ ও হোম ভিজিট সাময়িকভাবে স্বগিত রাখতে হবে, এটি 25 মার্চ, 2020 বিকাল 5টা থেকে কার্যকরী হবে।

রাজ্যপাল কুয়োমো-র নিউ ইয়র্ক স্টেট অন PAUSE উদ্যোগ অনুসারে, COVID-19-এর বিস্তার আটকাতে সাহায্য করার জন্য এই পদক্ষেপ প্রয়োজনীয়। কমিউনিটি ভ্রমণ, বিশেষত হোম ভিজিট, মানুষের জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ। দুর্ভাগ্যবশত, কমিউনিটিতে ভ্রমণ ও হোম ভিজিট দুইক্ষেত্রেই COVID-19-এর সংস্পর্শে আসার ঝুঁকি থাকে, শুধুমাত্র সেই ব্যক্তি বা তার পরিবারের সদস্যদের ক্ষেত্রে নয়, সেই ব্যক্তি ফিরে আসার পরে সেই স্থানের অন্যান্য আবাসিক ও কর্মচারীদের ক্ষেত্রেও।

পরিষেবা প্রদানকারীদের থেকে প্রত্যাশা করা হচ্ছে যে তারা লোকজনদের এই ব্যাপারে উৎসাহ দেবেন যে তারা যেন তাদের প্রিয়জনদের সঙ্গে যথাসম্ভব ভার্চুয়ালি কথা বলেন (যেমন ভিডিও কনফারেন্স, টেলিফোন ইত্যাদির মাধ্যমে) এবং এই সময়ে প্রয়োজনীয় অতিরিক্ত মানসিক ও ক্লিনিকাল সাহায্য প্রদান করবেন।

যে ব্যক্তির তাদের আবাসিক স্থানে ফিরে আসছেন

এই নির্দেশ বাস্তবায়িত হওয়ার সময়ে যে ব্যক্তি হোম ভিজিটে ছিলেন এবং আবাসিক স্থানে ফিরতে চান, তাদের তা করার অনুমতি দিতে হবে। সেই ব্যক্তিদের COVID-19 সম্পর্কিত উপসর্গ আছে কিনা তা পরীক্ষা করতে হবে ও তাদের দেহের তাপমাত্রা মাপতে হবে। অনুগ্রহ করে মনে রাখুন যে এই নির্দেশ বাস্তবায়িত হওয়ার পরে যে সকল ব্যক্তি আবাসিক স্থানে ফিরছেন, তাদেরকে সেই সেটিং-এই চোদ্দ দিন অবধি সতর্কতামূলক কোয়ারান্টাইন (পৃথকীকরণ)-এ থাকতে হতে পারে, এটি কমিউনিটিতে তারা কতটা সংস্পর্শে এসেছেন, তার ওপরে নির্ভর করবে। ফিরে আসা কোনো ব্যক্তিকে সতর্কতামূলক কোয়ারান্টাইনে রাখা হবে কিনা, স্থানীয় স্বাস্থ্য বিভাগের সঙ্গে আলোচনা করে সেই সিদ্ধান্ত নিতে হবে।

কমিউনিটিতে ভ্রমণের ক্ষেত্রে নিষেধাজ্ঞা

আবাসিক স্থানে পরিষেবা প্রদানকারীদেরও অবিলম্বে কমিউনিটিতে ভ্রমণের ব্যাপারে যুক্তিযুক্ত নিষেধাজ্ঞা জারি করতে হবে, এমনকি যেক্ষেত্রে এইধরনের ভ্রমণ কোনো ব্যক্তির যত্নের পরিকল্পনায় বিশেষ করে বলা আছে, সেক্ষেত্রেও। সাধারণভাবে, যখন সম্ভব হবে তখনই, বিকল্প উপায়ে কমিউনিটিতে ভ্রমণ সংক্রান্ত সকল লক্ষ্য ও

পরিষেবা সম্পন্ন করতে হবে। কিন্তু, পরিষেবা প্রদানকারীর বিচারবুদ্ধি অনুসারে, সেই ব্যক্তির কম ঝুঁকিসম্পন্ন কমিউনিটি ভ্রমণে অংশ নেওয়ার জন্য বাসস্থান থেকে বেরোতে পারেন, যেমন বাইরে বসা বা হাঁটতে বেরোনো। বাসস্থানের বাইরে থাকার সময়ে ব্যক্তিদের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে ও কমিউনিটিতে থাকার সময়ে মানুষের ভিড় এড়িয়ে চলতে হবে। বাড়ির বাইরে যে সময় কাটানো হবে, তা যেন NYS DOH-এ বলে দেওয়া সতর্কতামূলক পদক্ষেপগুলির সঙ্গে সঙ্গতি রেখে হয়:

[https://opwdd.ny.gov/sites/default/files/documents/3.18.2020%20DOH\\_COVID19\\_OutdoorGuidance.pdf](https://opwdd.ny.gov/sites/default/files/documents/3.18.2020%20DOH_COVID19_OutdoorGuidance.pdf)

হোম ভিজিট বা বাড়িতে যাওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞা:

যদি কোনো ব্যক্তি ও তার পরিবার মনে করেন যে দীর্ঘ-মেয়াদী হোম ভিজিট যথাযথ হবে, তাহলে সেরকম বর্ধিত ভিজিট সম্বন্ধে উৎসাহিত করতে হবে। পরিবারগুলিকে অবশ্যই মনে করাতে হবে যে, ব্যক্তির বাসস্থানে ফেরার ব্যপারে নিষেধাজ্ঞা যদিও সাময়িক বলেই প্রত্যাশা করা হচ্ছে, এই নিষেধাজ্ঞা ওঠার নির্দিষ্ট তারিখ এখনই আমরা নিশ্চিত করে জানাতে পারছি না। বাড়িতে প্রিয়জনদের প্রয়োজন মেটানোর জন্য পরিবারগুলি যে প্রস্তুত তা নিশ্চিত করার জন্য পরিষেবা প্রদানকারীদের যথাসাধ্য চেষ্টা করতে হবে, এটিও নিশ্চিত করতে হবে যে দীর্ঘ সময়ের জন্য যেন পর্যাপ্ত ওষুধের জোগান থাকে।

যদি OPWDD সার্টিফায়েড বা চালিত কোনো আবাসিক স্থানে থাকা ব্যক্তি এইধরনের দীর্ঘকালীন হোম ভিজিটে যুক্ত হন, তাহলে সেই স্থানের বাইরে কাটানো সময় থেরাপিউটিক ছুটি হিসাবে গণ্য করা হবে ও বর্তমান চুক্তির(ওয়েভার) নিয়ম অনুসারে তার জন্য পারশ্রমিক দেওয়া হবে।

OPWDD জানে যে সাময়িকভাবে আবাসিক পরিষেবা হারানো বা ব্যক্তির কমিউনিটি ভ্রমণের অধিকারের ওপরে নিষেধাজ্ঞা, সেই ব্যক্তি ও তার পরিবারের জন্য খুবই কঠিন ও কষ্টসাধ্য ব্যাপার। সকল ব্যক্তি, পরিবার ও কর্মীদের স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিত করাই OPWDD-এর লক্ষ্য। যত তাড়াতাড়ি সম্ভব এই বাধানিষেধগুলি তুলে নেওয়া হবে।